# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা- চুয়াডাঙ্গা।

স্মারক নং-চুয়াঃপৌঃ/ইজারা/৭-৭/২০২৫/৬২৮ তারিখ-২২ /০৪/২০২৫ খ্রিঃ।

# ইজারা বিজ্ঞপ্তি

## বিজ্ঞপ্তি নং-০২/২০২৪-২৫।

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে,চুয়াডাঙ্গা পৌরসভার নিম্ন বর্ণিত বাজার সমুহ আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরের (জুলাই/২৫ হইতে জুন/২৬ পর্যন্ত) ১ (এক) বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত দেওয়ার নিমিত্তে নিম্ন বর্ণিত তারিখ নির্ধারন পূর্বক প্রকৃত দরদাতাগণের নিকট হইতে নির্দ্ধারিত ফরমে সীলমোহর যুক্ত খামে দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্র সিডিউল দরপত্র দাখিলের পূর্বদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয় হইতে নির্ধারিত মুল্যে (অফেরত যোগ্য) ক্রয় করা যাইবে। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে বেলা-১-০০ ঘটিকা পর্যন্ত চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাইবে এবং ঐ দিনই বেলা-৩-৩০ ঘটিকায় দরপত্র দাতাগনের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে দরপত্র বাক্স খোলা হইবে। কাঙ্খিত সরকারি মূল্য অপেক্ষা দাখিলকৃত দর কম হইলে উক্ত দরপত্র গৃহীত হইবেনা এবং দাখিলকৃত জামানত ফেরৎ দেওয়া হইবে। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন। কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে অত্র পৌরসভা কার্যালয় হইতে সংগ্রহ করা যাইবে।

**দরপত্র তথ্য সমুহ নিম্নরুপঃ**

| ক্রঃ নং | হাট বাজারের নাম | দরপত্র দাখিলের তারিখ (১ম বার) | দরপত্র দাখিলের তারিখ (২য় বার) | দরপত্র দাখিলের তারিখ (৩য় বার) | সরকারি মূল্য বিগত ৩ (তিন) বছরে গড়মূল্য ৬% বৃদ্বি সহ | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | পুরাতন সাইকেল ক্রয় বিক্রয় হাট | ১৪/০৫/২০২৫ | ২০/০৫/২০২৫ | ২৬/০৫/২০২৫ | ১,১১,৬৮৯/- | ১,০০০/- |
| ২. | পশু জবাই ফিস আদায় | ১৪/০৫/২০২৫ | ২০/০৫/২০২৫ | ২৬/০৫/২০২৫ | ১,১১,২২৩/- | ১,০০০/- |
| ৩. | চুয়াডাঙ্গা আন্তঃজেলা বাস টার্মিনালে যানবাহন ধৌত করন র‍্যাম ও গণ সৌচাগার | ১৪/০৫/২০২৫ | ২০/০৫/২০২৫ | ২৬/০৫/২০২৫ | ৬৩,৪২৪/- | ৫০০/- |
| ৪. | কুলচারা মোড়ে বালি ভর্তি যানবাহনের উপর টোল আদায় | ১৪/০৫/২০২৫ | ২০/০৫/২০২৫ | ২৬/০৫/২০২৫ | ৭১,২৩২/- | ৫০০/- |
| ৫. | চুয়াডাঙ্গা সদর হাসপাতাল চত্বর গণ সৌচাগার (শুধুমাত্র হরিজন সম্প্রদায় দরপত্রে অংশ গ্রহন করিবেন) | ১৪/০৫/২০২৫ | ২০/০৫/২০২৫ | ২৬/০৫/২০২৫ | ................. | ৫০০/- |

## ইজারা শর্তাবলীঃ-

১। ২০২৪-২০২৫ অর্থবৎসরের জুলাই/২৫ হইতে জুন/২৬ পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য ইজারা দেওয়া হইবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক পে-অর্ডার এর মাধ্যমে প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভার অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে ইজারাগ্রহিতা নিয়মিত ইজারা স্থান নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত ৫% জামানত হইতে তাহা মিটানো হইবে। ইজারা বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রর্ত্যাপণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র গৃহীত সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্য্য দিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট(মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে। অন্যথায় জামাদানকৃত জামানত বা ব্যাংক পে-অর্ডার বাজেয়াপ্তপুর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হইবে।

(চলমান পাতা)

শারমিন আক্তার
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা।